
অমর চিত্র কথা

নং ২৪৬ টা 4.00

# জাতকের গল্প

## – দৈত্য আর বামনের কাহিনী



# জাতকের গল্প ৩
## দৈত্য আর বামনের কাহিনী

পঞ্চতন্ত্রের গল্পগুলির মতোই জাতকের কাহিনীগুলিতে অনেক নীতি ও উপদেশ ছড়িয়ে আছে। পঞ্চতন্ত্রের মতোই এখানেও পশুপাখির ছড়াছড়ি— তারা সবাই মানুষের মতো কথা বলে, কখনও বা মানুষের মতোই ভাবে। শুধু মানুষকে নিয়েও গল্প আছে, যেমন আমাদের বর্তমান গল্পটি।

অবশ্য পঞ্চতন্ত্রের তুলনায় জাতকের কাহিনীগুলিতে রাজধর্মের তুলনায় মানবধর্মকেই বড় করা হয়েছে। পঞ্চতন্ত্রের গল্পগুলি তৈরি হয়েছিল রাজার ছেলেদের রাজনীতি শেখানোর জন্য, জাতক-কাহিনীর মূল উদ্দেশ্য বৌদ্ধধর্মের উপদেশগুলিকে সরস গল্পের মধ্য দিয়ে পরিবেশন করা। জাতকেরা সবাই প্রখর বুদ্ধিমান, কিন্তু অপরের জন্য সহানুভূতি ও ত্যাগস্বীকারকে তাদের বুদ্ধি কখনও ছোট করে দেখে না। স্বার্থপর, অপদার্থ ভীমসেনের কাছ থেকে অপমানিত হয়েও এই কাহিনীর খুদে নায়ক তার কোনও অনিষ্ট কামনা করেনি, বরং বিপদের সময় তাকে আড়াল করে নিজেই শত্রুর মুখোমুখি হয়েছে। জাতকের গল্পগুলির এখানেই সবচেয়ে বড় মজা।

অনুবাদ/ বীরেন্দ্র চট্টোপাধ্যায়
বর্ণলিপি/ মলয়শঙ্কর দাশগুপ্ত


'অমর চিত্রকথা'র বাংলা সংস্করণের
একমাত্র পরিবেশক :
উচ্চারণ
২/১ শ্যামাচরণ দে স্ট্রীট। কলকাতা ৭০০ ০৭৩
ফোন/৩৪-৮০৪৩

© India Book House Education Trust, Bombay-400 026
All rights reserved.


Published by H G. Mirchandani for India Book House Education Trust, Mahalaxmi Chambers, 22, Bhulabhai Desai Road, Bombay-400 026 and printed by him at IBH Printers, Marol Naka, Mathuradas Vissanji Road, Andheri (East), Bombay-400 059.

**Editor : Anant Pai    Script: Luis M. Fernandes**


**Artworks: Souren Roy**


দৈত্য আর বামনের কাহিনী
অনেকদিন আগে আমাদের দেশে এক বামন বাস করতো।
তার চেহারা দেখলেই লোকে হাসতো। আসলে সে ছিল অত্যন্ত বুদ্ধিমান, আর...
টং...!
শোঁ-ওও.
ধুপ্
... তীর-ধনুকে তার ছিল আশ্চর্য ক্ষমতা। লোকেরা তার নাম রেখেছিল বামন তীরন্দাজ।
ঐ বামনটাকে দ্যাখো!
দেখলেই হাসি পায়!

BENG



ও মশাই! ঐ বিরাট ধনুকটা নিয়ে কোথায় যাচ্ছেন?
যাচ্ছি রাজার বাড়ি। আমি একজন তীরন্দাজ, রাজার কাছে কাজ চাইবো।
আপনি তীরন্দাজ?
হা! হা! হা!!
সাবধানে থাকবেন, নইলে তীরের সঙ্গে আপনিও বাতাসে উড়ে যাবেন!
হো! হি! হি!!
ওদের দোষ নেই। আমার মতো একজন খুদে মানুষ তীর-ধনুক ছুঁড়তে পারে এ কথা কেউ বিশ্বাসই করবে না।



হুম্‌ম্‌... রাজা মশাই হয়তো আমাকে দেখে ঘাড় ধরে বের করে দেবেন। আমি কোনও সুযোগই পাবো না!
সঙ্গে একজন মানুষ দরকার!
একজন গাট্টাগোট্টা শক্ত মানুষ!
ঐ লোকটার মতো!
আরে বাপস্‌! যেন একটা দৈত্য!




এ ভাবে তাকিয়ে কী দেখছো?
তোমাকে!
তোমাকে। এই বিশাল চেহারা নিয়ে এখানে বসে ঝুড়ি বানাচ্ছো। এ কাজ তোমাকে মোটেই মানাচ্ছে না।
তোমাকে যা মানায় তা হলো পালোয়ানের কাজ! কি নাম ভাই, তোমার?
ভীমসেন।
সুন্দর নাম। তোমাকে পেলে রাজার তীরন্দাজরা বর্তে যাবে!
তীরন্দাজ ?
আমি তীর ছুঁড়তে জানি না।
আমি জানি।
কাজ যা করবার আমিই করবো। তুমি শুধু...


 BENG


ভীম সেনকে নিয়ে খুদে তীরন্দাজ বারানসীর রাজ-প্রাসাদের দিকে রওনা হলো। তারপর-
আপনাদের পরিচয়? এখানে কী দরকার?
আ... আমি মানে ভীম সেন। ঝুড়ি... মানে, চমৎকার তীর ছুঁড়তে জানি। রাজার সেবায় নিজেকে লাগাতে চাই।
কী হচ্ছে? কাঁপছো কেন?
উনিও সঙ্গে যাবেন?
হ্যাঁ! হ্যাঁ!
ভেতরে যান।
ভীম সেনের চেহারা দেখে রাজা খুশি হলেন।
তুমি তীরন্দাজের কাজ চাও? তুমি একা, সামনে প্রকান্ড বাঘ! তখন কী করবে?
মেরে ফেলবো, হুজুর!


আমার চেয়ে ভালো তীরন্দাজ পাবেন না হুজুর!
সঙ্গে ওটি কে?
ও আমার পরিচারক।
বেশ! আজকাল ভালো তীরন্দাজ একেবারেই দুর্লভ। দেখা যাবে, তোমার কতদূর কেরামতি!
ভীমসেন রাজার চাকরিতে বহাল হলো।
কয়েক দিন পর—
আমাকে ডেকেছেন, হুজুর?
শোনো, ভীমসেন।
একটা ভয়ঙ্কর বাঘ এসেছে। প্রজারা ভয় পেয়ে গেছে।
যে শিকারীকেই পাঠাচ্ছি, সে আর ফিরছে না। বোধ হয় তারা সব বাঘের পেটেই চলে গেছে!


এখন তুমিই ভরসা। যে ভাবে পারো শয়তানটাকে খতম করো।
ঠিক আছে হুজুর, তাই করবো!
রাজা হুকুম দিয়েছেন, বাঘ মারতে হবে। যে-সে বাঘ নয়, যাকে পাচ্ছে তাকেই টুপ করে গিলে খাচ্ছে!
তাহলে অপেক্ষা করছো কেন? এখনই রওনা হও!
কী?
তুমি যাবে না? আগের কথা ভুলে যাচ্ছো! বলো নি দরকারের সময়...
এখন বাঘের মুখে আমাকেই দিচ্ছো? আমি এখনই ঝুড়ি তৈরীর কাজে ফিরে যাচ্ছি!
শান্ত হও, ভীম সেন! শান্ত হও।
একটা বাঘ মারতে তীরন্দাজের দরকার হয় না। যা করতে হবে, বলে দিচ্ছি, শোনো...


যে গ্রামে বাঘের উৎপাত হচ্ছিল, ভীমসেন সেদিকে যাত্রা করলো।
গ্রামের মানুষরা এগিয়ে এলো—
বন্ধুগন! আমি একজন শিকারী। বাঘ শিকারের জন্য রাজা মশাই আমাকে পাঠিয়েছেন।
কিন্তু বাঘটাকে গোপন আস্তানা থেকে খেদিয়ে আনতে হবে। একবার খোলা জায়গায় এলে বাকি কাজটা আমি করবো।
গ্রামের জোয়ান-মরদ সবাইকেই ডেকে আনছি। পাশের গ্রামগুলিতেও খবর পাঠাচ্ছি, হুজুর!
কয়েক শো জোয়ানকে সঙ্গে নিয়ে ভীমসেন বীর দর্পে বনের মধ্যে ঢুকলো।



হুজুর! বাঘ আসছে!
খুদে বামনটার চালাকি যদি কাজে লাগে, তবেই এ যাত্রা প্রাণে বাঁচবো। নইলে...
হুজুর! শুনছেন!
গর্‌র্‌র্‌...
এসে গেছে! সবাই হুঁশিয়ার!
শিকারী মশাই গেলেন কোথায়? যাকগে, ভয় পেও না!
গর্‌র্‌র্‌...




BENG


গ্রামবাসীরা বাঘটাকে ঘিরে ফেললো ...
... তারপর পিটিয়ে মারলো।
বাঘটাকে খতম করেছে! খুদেটার বুদ্ধি আছে ... এবার আমার পালা!
একটা শক্ত লতা ছিঁড়ে এনে ...
... ভীমসেন মরা বাঘের দিকে ছুটলো।
!?
বাঘটা গেল কোথায়? তাড়াতাড়ি বলো!


ঐ যে আমরাই পিটিয়ে খতম করেছি।
কী বললে? সর্বনাশ করেছো! ওকে জ্যান্ত নিয়ে যেতে হবে, রাজার হুকুম!
আমি লতার খোঁজ করছিলাম, ওকে বেঁধে নিয়ে যাবো··· আর তোমরা···
কারা বাঘটাকে মেরেছো? এখনই নাম বলো। আমি রাজার কাছে নালিশ করবো।
হুজুর! আমরা কোথাও আপনাকে না পেয়ে··· আমরা ভেবেছিলাম···
দোহাই আপনার, আমাদের নাম রাজার কাছে বলবেন না।
তিনি হয়তো আমাদের শূলেই চড়িয়ে দেবেন।


আপনি চুপ থাকলে এক ঘড়া মোহর দেবো।
ঠিক আছে। দোষটা আমার কাঁধেই নেবো — যা হয়, হবে।
ধন্যবাদ! আপনাকে অসংখ্য ধন্যবাদ!
মরা বাঘকে নিয়ে ভীমসেন হৈ হৈ করে প্রাসাদে ঢুকলেন।
মহারাজ, আপনার আশীর্বাদে ওকে খতম করেছি!
তাইতো দেখছি!
তুমি সত্যিকারের বীর!
ঐ সামান্য পুরস্কারটুকু গ্রহন করো।


পরে—
কী গো, ভীমসেন? ঝুড়ি বুনতে ফিরে যাবে? ভালো করে ভেবে দ্যাখো!
বোকার মতো কথা ব'লো না। কী করে এতো দিন ঐ বাজে কাজে সময় নষ্ট করেছি — এক দিন দু'দিন না, কয়েক বছর!
ঝুড়ি বুনবো? হা! হা!
রাজধানীতে ভীমসেনের খাতির বেড়ে গেল। সে এখন বাঘ-মার পালোয়ান। একদিন—
মহারাজ! আমাদের বাঁচান!
একটা বুনো মোষের উৎপাতে কেউ ঘর থেকে বের হতে পারছি না। যাকে সামনে পাচ্ছে, তাকেই গুঁতিয়ে মারছে!
এর মধ্যেই কয়েকজনকে প্রান দিতে হয়েছে।
অনেক কষ্টে ওর চোখ এড়িয়ে আপনার কাছে এসেছি।
ও আর তোমাদের বিরক্ত করবে না — ব্যবস্থা করছি।




BENG


ভীমসেন!
ওহ্! ওহো!
মোষটাকে মেরে এসো। এটা তোমার কাছে ছেলে-খেলা!
হ্যাঁ, ধর্মাবতার!
বুনো মোষ শুনেছি বাঘের চেয়েও ভীষন। বামনটা মাথা ঠিক রাখতে পারলেই বাঁচোয়া!
বামন বন্ধু কিন্তু মোটেই বিচলিত হলো না।
এ আর এমন কি কাজ! এখনই রওনা হও।
আবার আমাকে বলছো? তুমি কি করতে রয়েছো? যদি ভেবে থাকো, আমি বুনো মোষের ধারে কাছে যাবো, তাহলে মস্ত ভুল করছো!



এটা তোমার কাজ, তোমাকেই করতে হবে। এই চুক্তি করেই আগের কাজ ছেড়ে তোমার সঙ্গে এসেছি।
কেউ তোমাকে মোষের সঙ্গে লড়াই করতে বলছে না!
বাঘ মেরেছিলে, মনে নেই? মাথা ঠান্ডা রাখো, মোষও মরবে।
আহ! লতার ব্যাপারটা! সত্যিই তো, আগে ভাবি নি কেন?
কয়েক দিন পর। মরা মোষকে গাড়িতে চাপিয়ে ভীমসেন বীরদর্পে রাজধানীতে ফিরলো।
মোষটাকে এনেছো? দেখছি আঁচড়টিও লাগে নি।
ভীমসেন!
কী হলো? চোখ-কান কী চিলে নিয়েছে?



দ্যাখো, ভীমসেন কী এনেছে!
কী বিরাট মোষ!
এসো ভীম, এসো। কীচক-বধের চেয়েও তোমার বীরত্ব বেশি!
এবার তোমার আরও বড় পুরস্কার প্রাপ্য। বলো, কি চাই?
চারদিকে ভীমসেনের জয়-জয়কার। এখানে সম্বর্ধনা, ওখানে ভোজসভা।
কী করে মোষটাকে মারলেন?
ও কিছু না! মোষটা ...
প্রাণপন লড়াই করেছিল। শত হলেও ওদের কঠিন প্রাণ!



BENG



মোষটা কি বাঘের চেয়েও ভীষণ ছিল?
নিশ্চয়! কিন্তু বাঘটা ছিল বেশী বিপজ্জনক।
ওকে বাগ মানাতে আমার গায়ে রীতিমত ঘাম ছুটেছিল! ওঃ...
হুজুর!
সেই খুদে মানুষটি দেখা করতে চান!
ওকে তাড়িয়ে দে! দেখছিস না, আমি ব্যস্ত!
ওর হলো কী? আশ্চর্য পরিবর্তন তো!



আমাকে সব সময় এড়িয়ে চলছে। মোষের ধারে কাছে যায়নি কিনা!
না, কিছুই বুঝতে পারছিনা!
ঐ যে এদিকেই আসছে!
ভীমসেন!
আমাকে এড়িয়ে চলছো কেন? কী হয়েছে খুলে বলো।
শোনো, বামন বীর! ব্যাপারটা পরিষ্কার হওয়াই ভালো। আসলে তোমাকে আমার আর প্রয়োজন নেই।


হ্যাঁ! কী করে বাঘের সঙ্গে লড়তে হয়, মোষকে কাবু করতে হয়, —সেটা তুমিই আমাকে শিখিয়েছো।
কিন্তু এমন কী বাহাদুরি আছে? অ্যাঁ?
একটু মাথা ঘামালে আমিও ঐ বুদ্ধিটা আবিষ্কার করতাম। হয়তো আরও ভালো বুদ্ধি বের করতাম। বুঝলে, বেঁটে-কার্তিক!
এখনও আস্ত আছো! বাঁচতে চাও তো এখান থেকে সরে পড়ো!
ও! এই ব্যাপার! এই টুকুতেই মাথা বিগড়ে গেছে!
কিন্তু পালে যখন সত্যিকারের বাঘ পড়বে? তখন ওকে কে বাঁচাবে? যাক গে পরের কথা পরে!


খুদে তীরন্দাজ এবার নিজেই দৈত্যকে এড়িয়ে চললো। ভীমসেনের এখন দারুন সুদিন, ঘরে-বাইরে ...
...রাজার হালে তার দিন কাটতে লাগলো।
তারপর, একদিন—
প্রভু, আমরা আক্রান্ত হয়েছি!
উত্তর খন্ডের রাজা বিরাট বাহিনী নিয়ে এদিকেই আসছেন।
মহারাজ! শত্রুপক্ষ খবর পাঠিয়েছে—
তোমাদের ওস্তাদকে আমাদের ওস্তাদের সঙ্গে লড়তে হবে। দেখা যাবে কার ক্ষমতা বেশী।
ঠিক আছে, ভীমসেন আমাদের সহায়!


ভয় নেই মহারাজ! আমি একাই এক শো, ওদের ধরবো আর ছিঁড়বো!
সাবাস!
ওদের সর্দারকে এই তরমুজটার মতো ছিঁড়ে ফেলবো!
সাবাস!
!
তলোয়ারটা নিয়ে এসো।
ও যুদ্ধের কিছুই জানে না। অনর্থক তড়পাচ্ছে!
ওর ভালো মন্দ আমারই দায়িত্ব। দেখা যাক...

BENG



ভীমসেন বীরদর্পে প্রাসাদ থেকে বেরোলেন। যুদ্ধের হাতি অপেক্ষা করছিল, হৈ হৈ করে সেদিকে এগুলো।
ভীমসেন!
ভীমসেন, তোমার তীর-ধনুক কে বইবে? এক মুহূর্ত অপেক্ষা করো, আমি আসছি!
যাও, বাহাদুর ভীমসেন! ওরা কান্নাকাটি করলেও কোনও রকম দয়া দেখিও না। তোমার জয় হোক।
জয়! ভীমসেনের জয়!




BENG






indrajal.blogspot.in



আমি অবশ্য প্রত্যাখ্যান করবো। কিন্তু তারপরেও,ওরা যদি ...
ট্রা-ট্রা-ট্রা-
ও কী! ও কীসের শব্দ? শুনতে পাচ্ছো?
ওটা যুদ্ধের বাজনা।
যুদ্ধের বাজনা? এতো জোরে কারা বাজাচ্ছে?
শত্রুরা। তারা এসে পড়েছে।
এই বার দেখতে পাচ্ছো?
!


কী ভয়ঙ্কর ঐ লোকগুলো!


কী ব্যাপার, ভীমসেন? এমন করছো কেন?
ওদের সর্দারটাকে দ্যাখো! কী ভয়ানক!



একটা… একটা রাক্ষস! আমাকে গিলে খাবে!



হাতিকে থামাও! আর এক পা-ও নয়!
ট্রা-ট্রা-ট্রা!
ওহ! আবার সেই বাজনা!
ঝন..ঝন ঝন...
এ কী হচ্ছে? কাঁপছো কেন?
এখনই হাতির পিঠ থেকে পড়ে যাবে। ঠিক হয়ে বসো, যাতে না পড়ে যাও তার ব্যবস্থা করছি!
এ জানলে রাজার চাকরি নিতাম? হায়, হায়!
BENG



যখন ঝুড়ি বুনতাম, কী সুখেই না দিন কাটাতাম! আর এখন?
ভয় পেও না!
লড়াইয়ের কাজটা আমার উপর ছেড়ে দাও! এবার এগোনো যাক!
ও কী করছো? হাতিটা যে আবার এগুচ্ছে!
থামো, একটু থামো!
আমাকে নামিয়ে দাও! দোহাই তোমার!
তুমি এতো ভীরু? আশ্চর্য!
ও কী! কাপড় ভিজিয়ে ফেলেছো! এ কী কান্ড!
আমি... আমি...
এখান থেকে চলে যাওয়াই তোমার মঙ্গল। সাবধানে নেমে যাও, নইলে হাতির পায়ে পিষে যাবে।



BENG


বিদায়!
এবার এগুতে হয়। একটা দেশের ভালোমন্দ এখন আমার হাতে।
শত্রু-শিবিরে —
এই বিটকেল বামনটা কি চায়?
?
ও-ই দলের সর্দার নাকি?
এখনই জানতে পারবো!
আর একটু কাছে আসুক, তারপর আমি...
আহ-হ!


ও কী!
ওহ্-হো!
বাঁচাও! বাঁচাও!
ঈ-ঈ-ঈ



শত্রু-শিবিরে ত্রাহি ত্রাহি শব্দ। খুদে তীরন্দাজদের প্রতিটি তীর অব্যর্থ, যাকে বিঁধছে সেই মরছে।
শত্রুদের রাজা, তিনিও রক্ষা পেলেন না।
খুদের হাতি তাঁকে শুঁড়ের উপর তুলে নিল...
বাঁচাও! আমাকে বাঁচাও!
অবশেষে—
তুমি অসাধ্য-সাধন করেছো, খুদে তীরন্দাজ! শত্রুদের গোটা বাহিনীকে তুমি একা যুদ্ধে হারিয়েছো!
এখন থেকে আমার দরবারে তোমার জন্য নির্দিষ্ট জায়গা থাকবে, আমার ডান পাশে। যেখানে ঐ কাপুরুষ ভীমসেনটাকে বসতে দিয়েছিলাম।
যতোই দিন যেতে লাগলো, বামন-বীরের খ্যাতি দেশে বিদেশে ছড়িয়ে যেতে লাগলো। আর ভীমসেন? সে যে কোথায় চলে গেল, কেউ তার খবর রাখে না।




BENG



অমর চিত্র কথা পরিবেশন করছে

নবভারতের মহাকাব্য:

## স্বাধীনতার পথে

১) ভারতীয় রাষ্ট্রীয় কংগ্রেসের জন্ম
২) জাতির জাগরণ
৩) বিপ্লবীর বীরগাথা
৪) স্বরাজের আহ্বান
৫) লবণ আন্দোলন
৬) নিয়তির সাথে মিলন

অমর চিত্র কথা

এর সংগে পড়ুন:

১৮৮ বাবাসাহেব আম্বেডকার
১৫৬ বাঘা যতীন
২৯৩ বেনী মাধব
১৪২ চন্দ্রশেখর আজাদ
২৩৪ ভগত সিং
৩৪৪ চিত্তরঞ্জন দাশ
১২০ মহর্ষি দয়ানন্দ
৩২৫ জগদীশচন্দ্র বসু
* জালিয়ানওয়ালা বাগ
২০৬ জয়প্রকাশ নারায়ন
৩০৪ ডঃ কোটনিসের অমর কাহিনী
২২৭ সাধু ভাসওয়ানী
* ক্ষুদিরাম বোস
৩১১ কুনওয়ার সিং
২৭১ লালবাহাদুর শাস্ত্রী
২১৯ লোকমান্য তিলক
৩৩৪ মঙ্গল পাণ্ডে
১৩৬ রবীন্দ্রনাথ ঠাকুর
২১৬ রানী অব্বক্কা
২৬০ শ্রী রামকৃষ্ণ
৫৭ ঝাঁসীর রানী
২৬২ রাসবিহারী বোস
* ভারতের সমুদ্রপথ
৩০৩ সেনাপতি বাপট
৭৭ সুভাষচন্দ্র বোস
২৭৫ সুব্রহ্মণ্য ভারতী
২৮৬ হামেদার হাসান আসফকারী
১৮৭ টিপু সুলতান
৩০৬ বীর সাভারকর
১০৮ বিদ্যাসাগর
১৪৬ বিবেকানন্দ
২১৩ বেলু তম্পী


পরিবেশনায় ইন্ডিয়া বুক হাউস

মূল্য: ৪/- টাকা

* প্রকাশাধীন।

BNG

# THE BIRTHDAY PRESENT




AMAR CHITRA KATHA

# AMAR CHITRA KATHA ARE BROUGHT OUT BY PEOPLE

- who care for children
- who screen each word and each picture as they have a lasting impact on impressionable minds.
- for whom Chitra Katha is more a vehicle of education than a business.

Published by:
IBH PUBLISHERS PVT. LTD. Bombay 400 026

Distributed by:
INDIA BOOK HOUSE

IBH

অমর চিত্র কথা

# তোমাদের মনের মতো রঙীন বই
# অমর চিত্রকথা



প্রকাশিত তালিকা

**• পুরাণ • জীবনী • ইতিহাস • কিংবদন্তী**

**পুরাণ**

লবকুশ
মহীরাবণ
পরশুরাম
নলদময়ন্তী
মীরাবাঈ
ভীষ্ম
গীতা
লঙ্কার রাজা রাবণ
ভীম ও হনুমান
ইন্দ্র ও শিবি
গান্ধারী
সাবিত্রী
কর্ণ
হরিশ্চন্দ্র
বালী
কুম্ভকর্ণ
দুর্গা
ঘটোৎকচ
আরুণি ও উতঙ্ক
মহাভারত
সূর্য
গঙ্গা
নচিকেতা
ধ্রুব অষ্টবক্র
গণেশ
রামায়ণ
প্রহ্লাদ
কৃষ্ণের গল্প

**জীবনী**

রবীন্দ্রনাথ ঠাকুর
সূরদাস
জয়দেব
কবীর
তানসেন
রামশাস্ত্রী
জয়প্রকাশ
বাবাসাহেব আম্বেদকার
লোকমান্য তিলক
বুদ্ধ
বিদ্যাসাগর
মহাকবি কালিদাস
বাঘাযতীন
সুভাষচন্দ্র বোস
বিবেকানন্দ

**ইতিহাস**

বিক্রমাদিত্য
রসিক বীরবল
অশোক
ঝাঁসির রাণী
টিপু সুলতান
শিবাজী
বালাদিত্য ও যশোধর্মণ
জাহাঙ্গীর
শিবাজী
রাণাপ্রতাপ
চাণক্য
বুদ্ধিমান বীরবল
তানাজী

**কিংবদন্তী**

শকুন্তলা
কপালকুণ্ডলা
রাজসিংহ
কাদম্বরী
স্বর্গীয় কণ্ঠহার
অঙ্গুলিমালা
বাঘ ও কাঠঠোক্‌রা
ধাত্রীপান্না ও হাদিরাণী
আম্রপালী ও উপগুপ্ত
শ্রীদত্ত
চন্দ্রললাট
রত্নাবলী
পঞ্চতন্ত্র
আনন্দমঠ
দেবীচৌধুরানী
সাতরঙা রাজপুত্র
হিতোপদেশ
জাতকের গল্প

প্রতিখণ্ড 4.00 টাকা মাত্র




**প্রকাশিতব্য:**

শিবের গল্প
ভানুমতী পদ্মিনী

বাংলা সংস্করণের একমাত্র পরিবেশক:
**উচ্চারণ** ২/১ শ্যামাচরণ দে স্ট্রীট,
কলিকাতা ৭০০ ০৭৩

indrajal.blogspot.in
Malay

AMAR CHITRA KATHA

# Give your child a gift he'll treasure forever–the gift of his own heritage in these specially designed

# BUMPER ISSUES

## each containing three Amar Chitra Katha titles :




1. Tales of Hanuman
2. Tales of Birbal
3. Tales from the Panchatantra
4. Tales of Buddha
5. Tales of the Mother Goddess
6. The sons of Shiva
7. Adventures of Krishna
8. Tales from the Hitopadesha
9. The Great Ranas of Mewar
10. Tales of Humour
11. The sons of the Pandavas
12. Devotees of Vishnu
13. Jataka tales – Animal Stories
14. Poet Saints of North-India
15. Ramakrishna Paramahansa & his tales
16. Tales from the Mahabharata
17. Tales of Gujarat
18. Valiant kings of Ancient India
19. Folktales of Bengal
20. Heroes of the Mahabharata
21. The three Gurus
22. Tales of Revolutionaries
23. Men who fought for Independence-1.
24. Great sons of Bengal
25. Tales of Valiant Queens.
26. Tales of Krishna
27. Tales of Love and Devotion
28. Exploits of Arjuna
29. Tales of Indra
30. Buddhist Legends
31. The Great Mughals-I
32. The Great Mughals-II
33. Heroes of Punjab
34. Tales of Sanjeevani
35. Legends of Orissa

IBH Distributed by **INDIA BOOK HOUSE**

**Rs.14/- each**